

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

গেজেট

সোমবার, আগস্ট ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৮.২৭০—খ্যাতিমান নৃত্যশিল্পী জনাব বজলুর রহমান  
বাদল গত ১৯ আগস্ট ২০১৮ তারিখে ইন্টেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইলাইহি রাজিউন)।  
মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৫ বছর।

২। জনাব বজলুর রহমান বাদলের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও পরম করুণাময়ের  
নিকট তাঁর ঝুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক  
সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৫ ভাদ্র ১৪২৫/২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব  
গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১০৭৪৩ )  
মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাৱ

ঢাকা:  $\frac{০৫ ভাদ্র ১৪২৫}{২০ আগস্ট ২০১৮}$

খ্যাতিমান নৃত্যশিল্পী জনাব বজলুর রহমান বাদল গত ১৯ আগস্ট ২০১৮ তারিখে  
ইন্টেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৫ বছর।

জনাব বজলুর রহমান বাদল ১৯২৩ সালের ১৮ অক্টোবৰ পশ্চিমবঙ্গের মালদহ জেলায়  
জন্মগ্রহণ করেন। ১৯৪৬ সালে তিনি তাঁর পিতা-মাতার সঙ্গে মালদহ থেকে রাজশাহীতে চলে  
আসেন।

শৈশব থেকেই নৃত্যশিল্পের প্রতি ছিল জনাব বজলুর রহমানের গভীর অনুরাগ। তৎকালীন  
মুসলিম সমাজের রক্ষণশীল দৃষ্টিভঙ্গি উপক্ষে করে ১৯৩৪ সাল থেকে তিনি প্রাতিষ্ঠানিকভাবে  
নৃত্য-অনুশীলন শুরু করেন। কাজী নজরুল ইসলামের বিদ্রোহী কবিতার ছন্দে ছন্দে নৃত্য পরিবেশন  
করে জনাব বজলুর রহমান সারাদেশে অসামান্য খ্যাতি অর্জন করেন। নৃত্যকলার প্রতিটি শাখাতেই  
তিনি ছাপ রেখেছেন স্বকীয়তা, নৈপুণ্য ও অনন্য দক্ষতার। তবে লোকনৃত্যের প্রতি তাঁর রোঁক ছিল  
দুর্নিবার। তিনি নৃত্য-বিভাগের প্রশিক্ষক হিসাবে রাজশাহী জেলা শিল্পকলা একাডেমির সঙ্গে যুক্ত  
ছিলেন।

নৃত্যচর্চায় গৌরবোজ্জ্বল কর্মের জন্য এই নৃত্যগুরুকে বাংলাদেশ শিল্পকলা পদক-২০১৮  
(নৃত্য) এবং সংস্কৃতি ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ স্বাধীনতা পুরস্কার ২০১৭-তে ভূষিত  
করা হয়।

মন্ত্রিসভা জনাব বজলুর রহমান বাদলের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে পরম  
করুণাময়ের নিকট তাঁর রূহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের  
সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।